অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/29/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 10 এবং 11 জুলাইয়ে হারিকেন বেরিলের অবশিষ্টাংশ দ্বারা সৃষ্ট বিপর্যয়ের জন্য একটি মুখ্য দুর্যোগ ঘোষণা নিশ্চিত করেছেন

ঘোষণাটি কর্টল্যান্ড, এসেক্স, হ্যামিল্টন, লুইস এবং সেইন্ট লরেন্স কাউন্টিতে অবকাঠামো মেরামতকে সমর্থন করার জন্য তহবিল প্রদান করে

এছাড়াও প্রাণহানি হ্রাস করা এবং সম্পত্তি সুরক্ষিত রাখার দীর্ঘমেয়াদি ব্যবস্থাকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ককে FEMA এর বিপর্যয় প্রশমন অনুদান কর্মসূচির অ্যাক্সেস প্রদান করা হয়েছে

এগুলি হলো 10 জুলাই এবং 16 জুলাইয়ের মধ্যকার তীব্র আবহাওয়া দ্বারা ক্ষতিগ্রস্ত বাড়ির মালিক ও মিউনিসিপ্যালিটিসমূহকে সমর্থন করার জন্য গভর্নর হোকলের 11 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতির অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে 10 জুলাই এবং 11 জুলাইয়ে হারিকেন বেরিলের অবশিষ্টাংশ দ্বারা সৃষ্ট তীব্র আবহাওয়ার দ্বারা প্রভাবিত সম্প্রদায়সমূহে ফেডারেল সহায়তা প্রদান করার জন্য একটি মুখ্য দুর্যোগ ঘোষণার (Major Disaster Declaration) জন্য তার অনুরোধকে রাষ্ট্রপতি বাইডেন অনুমোদিত করেছেন। ঘোষণাটি কর্টল্যান্ড, এসেক্স, হ্যামিল্টন, লুইস এবং সেইন্ট লরেন্স কাউন্টির সরকারি অবকাঠামো পুনর্গঠন প্রয়াসকে সমর্থন করার জন্য ফেডারেল আর্থিক সহায়তা সম্ভব করবে।

"হারিকেন বেরিলের প্রভাব এই মাসে আপস্টেট নিউ ইয়র্কে চরম ক্ষয়ক্ষতি করেছে, রাষ্ট্রপতি বাইডেন যে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার জন্য আমার অনুরোধকে অনুমোদন দিয়েছেন, তার জন্য আমি কৃতজ্ঞ," **গভর্নর হোকল বলেন।** "পুনরুদ্ধার এবং পুনর্গঠন প্রক্রিয়া শুরু করতে সরকারের অংশীদারদের যেই অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রয়োজন তা প্রদান নিশ্চিত করার জন্য আগামী সপ্তাহগুলিতে আমার প্রশাসন ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) সাথে সরাসরি কাজ করবে।"

একটি মুখ্য দুর্যোগ ঘোষণা ফেডারেল সরকার থেকে আর্থিক সহায়তা নিশ্চিত করে, যা মূলত ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির সরকারি সহায়তা কর্মসূচির (Public Assistance Program) মাধ্যমে রাবিশ অপসারণ, সুরক্ষামূলক ব্যবস্থা এবং ভবন ও রাস্তা, ব্রিজ, পানি ও

বর্জ্যপানি পরিশোধনাগার, অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর সাইট, স্কুল, পার্ক ও অন্যান্য ফ্যাসিলিটির মতো অবকাঠামোর মেরামতের জন্য স্থানীয় সরকারগুলি, উপজাতি এবং যোগ্য অলাভজনক সংগঠনসমূহকে তহবিল প্রদান করে।

এছাড়াও, ঘোষণার একটি অংশ হিসেবে, নিউ ইয়র্ককে FEMA এর বিপর্যয় প্রশমন অনুদান কর্মসূচির (Hazard Mitigation Grant Programs) অ্যাক্সেস প্রদান করা হয়েছে। রাষ্ট্রপতির একটি দুর্যোগ ঘোষণা প্রদানের পর, প্রাণহানি হ্রাস এবং প্রাকৃতিক দুর্যোগের দ্বারা ক্ষতিগ্রস্ত সম্পত্তির অবস্থার উন্নতি করতে স্থানীয় বিপর্যয় প্রশমন পরিকল্পনা এবং দীর্ঘমেয়াদি বিপর্যয় প্রশমন ব্যবস্থাকে সমর্থনকারী অনুদান কর্মসূচির পরিচালনা করলতে স্টেটসমূহকে FEMA তহবিল প্রদান করে। স্থানীয় সরকার এবং সরকারের মতো কাজ করে এমন নির্দিষ্ট অলাভজনক সংগঠন এইসব অনুদানের জন্য আবেদন করার যোগ্য হবে। স্টেটের সকল কাউন্টির কাছে এই তহবিলের জন্য আবেদন করার ক্ষমতা রয়েছে। আগামী মাসগুলিতে তহবিলের ব্যাপারে আরো তথ্য উপলভ্য হবে।

ঝড়ের পূর্বেই গভর্নর হোকল স্টেট এজেন্সিসমূহকে জরুরি সাড়াদান সম্পদ নিয়ে তৈরি থাকতে এবং আবহাওয়ার প্রভাব পর্যবেক্ষণ করতে এবং সহায়তার অনুরোধে সাড়াদান করার জন্য স্থানীয় সরকারসমূহের সাথে বাস্তব সময়ের যোগাযোগ রাখতে নির্দেশ দিয়েছেন। ঝড়ের পর গভর্নর হোকল 10 জুলাই থেকে 16 জুলাই পর্যন্ত তীব্র আবহাওয়া ইভেন্টের একাধিক ঘটনা দ্বারা ক্ষতিগ্রস্ত সাতটি কাউন্টির উপযুক্ত বাড়ির মালিক ও মিউনিসিপ্যালিটির জন্য 11 মিলিয়ন মার্কিন ডলার জরুরি সহায়তা প্রদানের ঘোষণা করেন।

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "10 জুলাই যে ঐতিহাসিক বৃষ্টিপাত ও তীব্র ঝড় নর্থ কান্ট্রি ও পুরো আপস্টেট নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে আঘাত করেছিলো তার ফলে সৃষ্ট বন্যার কারণে আমাদের সরকারি অবকাঠামো কয়েক মিলিয়ন মার্কিন ডলারের ব্যাপক বিস্তৃত ক্ষয়ক্ষতি হয়েছে। এই মুখ্য দুর্যোগ ঘোষণাটি লুইস, সেইন্ট লরেন্স, কর্টল্যান্ড, এসেক্স, এবং হ্যামিল্টন কাউন্টির জন্য এইসব বিধ্বংসী ঝড়ের পুনরুদ্ধারের কাজ শুরু করার জন্য অতি গুরুত্বপূর্ণ ফেডারেল সংস্থান পাওয়ার ব্যবস্থা করবে। ঐতিহাসিক এই বন্যার দ্বারা ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে ফেডারেল সমর্থন প্রদান করার আমার আহ্বানে সাড়াদান করার জন্য রাষ্ট্রপতি বাইডেনকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি, এবং পুনর্গঠন ও পুনরুদ্ধারের জন্য প্রয়োজনীয় সহায়তা আপস্টেট নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে প্রদান করার জন্য আমি লড়াই অব্যাহত রাখবো।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "মুখ্য দুর্যোগ ঘোষণাটি জুলাই মাসের তীব্র আবহাওয়া দ্বারা ক্ষতিগ্রস্ত সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির সম্প্রদায়সমূহে অবিলম্বে ফেডারেল সহায়তা নিয়ে আসতে সাহায্য করবে। এই মুখ্য দুর্যোগ ঘোষণার জন্য গভর্নর হোকলের অনুরোধকে দ্রুত অনুমোদিত করার জন্য রাষ্ট্রপতি বাইডেনকে আমি ধন্যবাদ জানাচ্ছি, এবং ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের পুনর্গঠনের চাহিদার জন্য ফেডারেল সহায়তা নিশ্চিত করতে আমি লড়াই চালিয়ে যাবো।"

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস ডিভিশন সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ ও অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, সুরক্ষা, প্রস্তুতি, প্রতিক্রিয়া, পুনরুদ্ধার এবং প্রশমিত করার ক্ষেত্রে নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে থাকে। আরো তথ্যের জন্য, ফেসবুক পেজ দেখুন, টুইটারে বা ইনস্টাগ্রামে আমাদেরকে অনুসরণ করুন, বা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন